৩৩

তারিখ ... 3 1 JUL 1997 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

দৈনিক ইনকিলাব

ঢাকা মেডিকেল কলেজ সংসদ

# ছাত্র লীগের প্যানেলকে বিজয়ী ঘোষণায় ছাত্রদলের প্রতিবাদ

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা মেডিকেল কলেজ ছাত্র সংসদ নির্বাচনের নামে মুজিববাদী ছাত্র লীগের প্যানেলকে একদলীয়ভাবে বিজয়ী ঘোষণার প্রতিবাদে গত মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ছাত্রদল ঢাকা মেডিকেল শাখার নেতৃবৃন্দ বলেছেন, ঢাকা মেডিকেলের সর্ববৃহৎ ছাত্র সংগঠন ছাত্রদলসহ সাধারণ ছাত্র-ছাত্রীরাও এ সংসদকে বৈধ বলে মেনে নিতে পারে না। অবিলম্বে এই অবৈধ একদলীয় তথাকথিত ছাত্র সংসদকে বাতিল বলে ঘোষণা করা না হলে এর পরিপ্রেক্ষিতে যে কোন উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব কলেজ কর্তৃপক্ষকে বহন করতে হবে। তারা বলেন, ঢাকা মেডিকেল কলেজ বেশ কিছুদিন যাবত ছাত্র লীগের চিহ্নিত সন্ত্রাসীদের হাতে জিম্মি। এ অবস্থায় এখানে নির্বাচনের সুষ্ঠু পরিবেশের অভাবে ছাত্র লীগ ছাড়া আর কোনো ছাত্র সংগঠন নির্বাচনে অংশ নিতে পারেনি। কিন্তু কর্তৃপক্ষ ছাত্রদলসহ অপরাপর ছাত্র সংগঠন এবং সাধারণ ছাত্র-ছাত্রীদের মতামতের তোয়াক্কা না করেই একক প্যানেল জমাদানকারী ছাত্র লীগকে সম্পূর্ণ বাকশালী কায়দায় বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেছে। অথচ ঢামেকসুর গঠনতন্ত্রে স্পষ্টভাবে উল্লেখ আছে, ছাত্র-ছাত্রীদের প্রত্যক্ষ ভোটেই সংসদ নির্বাচিত হবে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রদল ঢাকা মেডিকেল কলেজ শাখার সভাপতি এম. আশরাফুল আলম নিপু। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নাসির উদ্দীন আহমেদ পিন্টু, সাইফুল আলম নীরব, তৌহিদুল ইসলাম জন, রুহুল 'আমিন' আকিল, নূরুজ্জামান 'খান খসরু প্রমুখ।